তারিখ 12 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

প্রথম আলো

# আইডিয়ালের সাফল্য অব্যাহত

নিজস্ব প্রতিবেদক ●

এবারও সাফল্যের ধারা অব্যাহত রেখেছে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ। এ বছর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় প্রতিষ্ঠানটির পাসের হার ৯৯.৯৩ শতাংশ। প্রতিষ্ঠানে তিন শাখার ১ হাজার ৩৬১ জন পরীক্ষার্থীর মধ্যে একজন ছাড়া সবাই পাস করেছে। বিজ্ঞান বিভাগ থেকে ১ হাজার ২১৫ এবং বাণিজ্য বিভাগ থেকে ৩০ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ শাহান আরা বেগম সাফল্যের বিষয়ে *প্রথম আলো*কে বলেন, 'আলাদা তেমন কারণ নেই। তবে আমরা ষষ্ঠ থেকে নবম শ্রেণি পর্যন্ত সব বইয়ের ফার্স্ট টু লাস্ট শেষ করে দিই। ফলে শিক্ষার্থীদের ধারণক্ষমতা বেড়ে যায়। তা ছাড়া শিক্ষক, মা-বাবা এবং সর্বোপরি শিক্ষার্থীদের আন্তরিক প্রচেষ্টার ফলেই এমন সাফল্য এসেছে।' তিনি জানান, প্রতিষ্ঠানটির সাফল্যের ধারা অব্যাহত থাকলেও গত বছরের তুলনায় কমেছে জিপিএ-৫।

এ দিকে বিদ্যালয়ের মূল ফটকে পরীক্ষার ফল টাঙানোর পরই শিক্ষার্থীরা উল্লাসে ফেটে পড়ে। ইশমাম নামের একজন শিক্ষার্থী বিজ্ঞান বিভাগ থেকে পেয়েছে গোল্ডেন জিপিএ-৫। এই সাফল্যের জন্য শিক্ষক, মা-বাবা সবাইকে সে ধন্যবাদ জানায়। সাদিয়া নামের আরেক শিক্ষার্থীও পেয়েছে জিপিএ-৫। ভবিষ্যতে সে চিকিৎসক হয়ে মানুষের সেবা করতে চায় বলে জানায়।

> “ আমরা ষষ্ঠ থেকে নবম শ্রেণি পর্যন্ত সব বইয়ের ফার্স্ট টু লাস্ট শেষ করে দিই। শিক্ষক, মা-বাবা এবং সর্বোপরি শিক্ষার্থীদের আন্তরিক প্রচেষ্টার ফলেই এমন সাফল্য এসেছে
>
> **শাহান আরা বেগম**
> অধ্যক্ষ
> আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ

**মতিঝিল মডেলও সাফল্য ধরে রেখেছে:** মতিঝিল মডেল স্কুল অ্যান্ড কলেজও এবার এসএসসিতে সাফল্যের ধারা অব্যাহত রেখেছে। প্রতিষ্ঠানটির দুটি শাখার ১ হাজার ৩৭৯ জন শিক্ষার্থীর মধ্যে অকৃতকার্য হয়েছে একজন। প্রতিষ্ঠানটির বিজ্ঞান বিভাগ থেকে ৫৩৩ জন এবং বাণিজ্য বিভাগ থেকে ৩০৭ জন জিপিএ-৫ পেয়েছে।

সাফল্যের বিষয়ে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সেলিনা শামসী বলেন, 'শিক্ষক-শিক্ষার্থী এবং অভিভাবকদের সঙ্গে প্রতি মাসে সমাবেশ করা হয়। কেউ পিছিয়ে পড়লেও তার সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রাখি। নিয়মিত মনিটরিং আমাদের সাফল্যের মূল কারণ।'

**মতিঝিল সরকারি বালিকা বিদ্যালয়ে শতভাগ পাস:** সাফল্যের ধারা অব্যাহত আছে মতিঝিল সরকারি বালিকা বিদ্যালয়েও। এখানে ৩৪০ জন পরীক্ষার্থীর সবাই পাস করেছে। বিজ্ঞান বিভাগ থেকে ২৩২ এবং বাণিজ্য বিভাগ থেকে ৩৪ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।